চুয়াডাঙ্গার পারকৃষ্ণপুর-মদনায় বিদ্যুৎ সংস্পর্শে মর্মান্তিক মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ইলেকট্রিক মিস্ত্রি মিলন হোসেন (৩২) বিদ্যুৎ সংস্পর্শে মর্মান্তিক মৃত্যু হয়েছে। জানা গেছে, দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা গ্রামের মৃত ফারুক হোসেনের ছেলে মিলন হোসেন শুক্রবার (২৪ জুলাই) সকালে

একই গ্রামের মালেকের বাড়ির বিদ্যুৎতের মিটার ঠিক করার জন্য সেখানে যায়। কাজ করা শুরু করলে মেনলাইন বন্ধ না থাকায় সে বিদ্যুৎ সংস্পর্শে ঘটনা স্থলে মৃত্যু বরণ করেন। এমন অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

মেহেরপুরে যৌতুকের দাবিতে গৃহবধূকে নির্যাতন

মেহেরপুরে যৌতুকের দাবিতে এক গৃহবধূকে নির্যাতনের অভিযোগ স্বামীসহ পরিবারের ৫ সদস্যের উপর। শ্বশুর বাড়ির লোকজনের অমানবিক নির্যাতনে ঘর ছাড়তে বাধ্য হয়েছে অসহায় গৃহবধূ। ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামে। এ ঘটনার সুষ্ঠ বিচারের দাবিতে মেহেরপুর সদর থানাসহ কুতুবপুর ইউনিয়ন পরিষদে বার বার ধর্না দিলেও কোন বিচার পাননি। নির্যাতনের স্বীকার ঐ গৃহবধূ চুয়াডাঙ্গার নতুন বাজার পাড়ার বাচ্চু ইসলামের মেয়ে।

তবে অভিযুক্ত পরিবারের দাবি তাদের ছেলে বউ বেপরোয়া। পরিবারের কাউকে মানে না। বিভিন্ন সময় ঝগড়া বিবাদ লাগিয়ে রাখার কারণে তাকে গত জানুয়ারি মাসে তালাক দেওয়া হয়।

ভুক্তভোগী ঐ গৃহবধূ অভিযোগ করে বলেন, ২০১৪ সালের ১১ অক্টোবর সুবিদপুর মোল্লাপাড়ার উসমান গনির ছেলে আবু সাইদ(৩০) এর সাথে আমার বিয়ে হয়। বিয়ের পর যৌতুক হিসেবে ব্যবসার নাম করে আমার বাবার কাছে ২ লাখ টাকা নেয়। মাঝে মধ্যেই কারণে অকারণে আমাদের কাছে টাকা দাবি করে। না দিলে নির্যাতন করে আমার উপর। বিভিন্ন অযুহাতে পরবর্তীতে আরও ১ লাখ নেয়। সম্প্রতি বিদেশ যাওয়ার কথা বলে আমার বাবার কাছে ২ লাখ টাকা দাবি করে। এই টাকা দিতে না পারায় আমার স্বামী আবু সাইদ(৩০) তার বড় ভাই রাহিদুজ্জামান(৩৫) শ্বশুর উসমান গনি(৫২) শাশুড়ি রেহেনা খাতুন(৪৮) দাদা এলাহী বক্স আমার উপর অমানবিক নির্যাতন চালায়। আমাকে তালাক দিতে চাইলে আমি অস্বীকৃতি জানায়। এতে আমাকে মেরে ফেলার হুমকি দেয় আবু সাইদ ও তার পরিবারের লোকজন।

এ নিয়ে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করি। এর প্রেক্ষিতে এসআই আহসান হাবিব শ্বশুর বাড়ির লোকজনদের বিষয়টি মিমাংশা করার জন্য বলে। কিন্তু কোন লাভ হয়নি। পরে ইউনিয়ন পরিষদে অভিযোগ করলে সেখানেও আমাকে হেনেস্তা করা হয়। পরে ইউনিয়ন পরিষদ থেকে আদালতে যাওয়ার পরামর্শ দেয়।

এ বিষয়ে আবু সাইদের মোবাইল ফোনে যোগাযোগ করা হলে বন্ধ পাওয়া যায় পরে তার বড় ভাই রাহিদুজ্জামানের সাখে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, রুবিনা খাতুনকে ৯ মাস আগে তালাক দেওয়া হয়। গতকাল কুতুবপুর ইউনিয়ন পরিষদে মিমাংসা হওয়ার কথা ছিল কিন্তু রুবিনা করেনি।

আবু সাঈদ এর বড় চাচা রুপচাঁদ বলেন, রুবিনার অভিযোগ মিথ্যা ভিত্তিহীন। সে নিজ ইচ্ছায় বাড়ি থেকে চলে গেছে। তার চলাফেরা ছিল বেপরোয়া। পরিবারের কারো কথা শুনতো না। বিভিন্ন সময় সংসারে অশান্তি লাগাতো। যে কারণে গত জানুয়ারি মাসে তাকে তালাক দিয়ে তাদের ছেলে।
মেহেরপুর সদর থানার এস আই আহসান হাবিব জানান, আমাদের কাছে অভিযোগ দিয়েছিল। আমরা পারিবারিক ভাবে বিষয়টি মিমাংসার জন্য বলেছিলাম কিন্তু পরে উভয় পক্ষ কোন মিমাংসা করেনি।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনীহা এবং অসৌজন্যমূলক আচরণের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে পররাষ্ট্র মন্ত্রণালয়।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, বাংলাদেশের সকল দূতাবাসে সেবার গুণগত মান বাড়ানোর নির্দেশনা দিয়েছেন তিনি। মিশনসমূহে চালুকৃত হটলাইনগুলো ২৪ ঘণ্টা চালু রাখাসহ সেবাগ্রহীতাদের সমস্যা ও অভিযোগ শুনে দ্রুত ব্যবস্থা গ্রহণের বিষয়েও মিশনের কর্মকর্তা-কর্মচারিদের নির্দেশ দেন।

মিশনের কর্মকর্তা-কর্মচারিরা ফোন ধরে না বা সেবা দিতে অনীহা প্রকাশ করে-এ ধরনের অভিযোগ যাতে না আসে সে বিষয়টি নিশ্চিত করতে মিশন প্রধানদের অনুরোধ করেন পররাষ্ট্রমন্ত্রী।

সূত্র- বিডি-প্রতিদিন

চুয়াডাঙ্গায় নতুন করে ২০ জন করোনায় আক্রান্ত

চুয়াডাঙ্গায় নতুন করে আরও ২০ জন করোনা রোগী সনাক্ত হয়েছে। গতকাল বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করেন চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান।
এ নিয়ে জেলায় মোট করোনা আক্রান্ত হলেন ৪৯০ জন।

নতুন ২০ জনের মধ্যে সদরে ১৪ (রেল পাড়া-১, দৌলতদিয়াড় আলোকদিয়া- ১, বিদ্যুৎ অফিস-২, ফেরীঘাট রোড-১, হক পাড়া-১, বাজার পাড়া-১, বড় বাজার পাড়া-২, কোর্ট পাড়া-১, ফার্ম পাড়া-৩, মল্লিক পাড়া-১) জন।

আলমডাঙ্গা উপজেলায় ৩ (রথতলা-২, ক্যানাল পাড়া-১) ও দামুড়হুদা উপজেলায় ৩ (ইসলাম বাজার দর্শনা-০১, মাদ্রাসা পাড়া-০১, উজিরপুর-০১, লোকনাথপুর হাউলি-০১) জন।
এ ছাড়াও ফলোআপ পজেটিভ এসেছে ১টি। তিনি হলেন দামুড়হুদা উপজেলার উজিরপুরের।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মহিলা নিহত

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ১ মহিলা নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে আরও একজন। গতকাল বৃহস্পতিবার সকাল ৮ টার সময় চুয়াডাঙ্গা- হাটবোলিয়া সড়কের ভাংবাড়িয়া মাঠে ওই দুর্ঘটনা ঘটে।

নিহত তহিমা আক্তার (৪৫) মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে। আহত আলমসাধু চালক মহব্বত আলী নগরবোয়ালিয়া গ্রামের মৃত আইয়ুব হোসেনের ছেলে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন মহব্বত আলীর অবস্থা সংকটাপন্ন।

জানা গেছে, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে তহিমা আক্তার আসমানখালী থেকে আলমসাধু যোগে হাটবোয়ালিয়ায় আসছিল। আলমসাধুটি ভাংবাড়িয়া মাঠে পৌছালে পেছন থেকে একটি বালু ভর্তি ট্রাক সজোরে ধাক্কা দেয়। আলমসাধুটি উল্টে পড়ে। ঘটনাস্থলেই তহিমা মারা যান। গুরুতর আহত হন চালক মহব্বত।

রক্তাত্ব মহব্বতকে স্থানীয়রা হারদী হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসক কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করেন। মহব্বতের শারীরিক অবস্থা আরও সংকটাপন্ন হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

আলমডাঙ্গায় ৪ দোকানে দুর্ধর্ষ চুরি

আলমডাঙ্গার হাউসপুরে ৪ ব্যবসা প্রতিষ্ঠানে টিন কেটে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। ৯২ হাজার টাকা চুরি করে নিয়েছে একটি চোরচক্র।

বুধবার দিবাগত রাতে ৪ প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটে।

জানা গেছে, সোহাগ এন্টার প্রাইজের সিসি টিভি’র ফুটেজে দেখা যায় গতকাল রাত ৩ টা ৯ মিনিটে চোর প্রতিষ্ঠানটি ঢুকে ক্যাশবাক্সের তালা ভাঙ্গা চেস্টা করছে। এসময় সিসি ক্যামেরায় চোখ পড়লে একটু আড়ালে গিয়ে মাথায় গামসা দিয়ে সিসিটিভি লাইন বিচ্ছিন্ন করে দেয়।

চোরচক্র হাউসপুর ব্রীজ মোড়ে অবস্থিত আশরাফুল ইসলামের লেদের দোকান আশরাফ ইঞ্জিনিয়ারিং মেশিনারাজি থেকে ৫০ হাজার টাকা, ইমারত হোসেনের আড়ৎ জুয়েল ট্রেডার্স থেকে ২০ হাজার ,এবিএম সোহাগ হোসেনের দোকান সোহাগ এন্টারপ্রাইজ থেকে ২২ টাকা নিয়ে যায়। চোরেরা হারুন-অর-রশিদদের রাসায়ানিক সারের গোডাউনে ঢুকলেও কোনকিছু নিতে পারেনি।

বড়বড় প্রতিষ্ঠানের চুরির ঘটনায় সাধারণ দোকানীরা আতংকে আছেন। তবে চোর ধরতে মরিয়া হয়ে পড়েছে দোকানীরা। এ ব্যাপারে থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে।

আলমডাঙ্গায় অবৈধ কারেন্টজাল বিক্রির দায়ে জরিমানা

আলমডাঙ্গায় অবৈধ কারেন্টজাল রাখার দায়ে দু’জনকে জরিমানা করেছেন ভ্র্যামমান আদালত। গতকাল দুপুরে তহবাজারে আদালত পরিচালনা করে তাদের কাছ থেকে জরিমানা আদায় করা হয়।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির নির্বাহী ম্যাডিট্রেট হিসেবে আদালত পরিচালনা করেন। এসময় গোবিন্দপুর গ্রামের নায়বার আলীর ছেলে নজরুল ইসলামকে ৫ শ টাকা ও নাটোর জেলার মানিকপুর গ্রামের মোহাম্মদ হোসেন ছেলে কালুকে ৫’শ টাকা জরিমানা করেন। এসময় ওদের কাছ থেকে ৫০ হাজার টাকা সমমূল্যের অবৈধ কারেন্টজাল জ্বদ করে আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার

আঁখি, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মালেক, সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার, নিরাপত্তার জন্য উপস্থিত ছিলেন এসআই সুব্রতসহ সঙ্গীয় ফোর্স।

আলমডাঙ্গায় প্রায় কোটি টাকা ব্যয়ে মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধন

আলমডাঙ্গায় ১১ কোটি ৯৬ লাখ টাকা ব্যয়ে মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরের চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন উদ্বোধন করেন।

মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধনের এ সময় উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক রবিউল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা লিটন আলী, গণপূর্তের উপ-সহকারী প্রকৌশলী শফিক আহামেদ, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর যুগ্ন-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম
জোয়ার্দ্দার টোটন, সাংঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু,

কোষাধ্যক্ষ সংশ্লিষ্ট কাজের ঠিকাদার আলী রেজা সজল, উপজেলা ভাইস-চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা আওয়ামীলীগ এর ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাংগঠিনক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন,

পৌর আওয়ামীলীগ সভাপতি দেলোয়ার হোসেন ,পৌর আওয়ামীলীগ এর সাবেক সভাপতি আবু মূসা, কুমারী ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, বেলগাছী ইউনিয়ন আওয়ামীলীগ এর সাধারন সম্পাদক মাহমুদ হাসান চঞ্চল, আলমডাঙ্গা সরকারি ডিগ্রী কলেজের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, সাকিব, রকি প্রমুখ।

গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবায়দুর রহমান, গাংনী উপজেলা ভাইসচেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল, উপজেলা স্বাস্থ ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল হক বিশ^◌াস, জাতীয় পাটি জেপির জেলা সভাপতি আব্দুল হালিম, জেলা আওয়ামীলীগের সাবেক নেতা শহিদুল ইসলাম শাহ,

উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি, আওয়ামীলীগ নেতা মনিরুজামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলীসহ আইন শৃংখলা কমিটির সদস্য ও বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।